মেহেরপুরে নতুন করে আরও ৫ জন করোনায় আক্রান্ত

গত ২৪ ঘন্টায় মেহেরপুরে নতুন করে আক্রান্ত হয়েছেন ৫ জন। জানা যায়, ১৬ টি নমুনার ফলাফল এসেছে এর মধ্যে ৫ জনের করোনা পজেটিভ। গতকাল শুক্রবার রাতে সিভিল সার্জন সূত্রে জানাযায়, আক্রান্ত ৫ জনের মধ্যে এক সদর উপজেলার তিন জন গাংনী উপজেলার ও অপর একজন মুজিবনগর উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় বর্তমানে মোট পজিটিভ সংখ্যা ৪০(সদরে ২৫ জন, গাংনীতে ১৩ জন, মুজিবনগরে ২ জন)। এছাড়াও জেলায় এ পর্যন্ত সম্পূর্ণ সুস্থ হয়ে ৭০০ জন বাড়ি ফিরেছে। এবং মৃত্যুবরণ করেছেন ১৭ জন। নতুন করে করোনায় কোনও মৃত্যুর ঘটনা ঘটেনি।
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর সদরের ঝাউবাড়িয়ার আব্দুল লতিফ (৪১), গাংনী উপজেলা বামন্দীর ইউনুস আলী (২৮), কাথুলির জুবায়েদ হোসেন (২২), জালশুকার রেশমা (৩৫) ও মুজিবনগর উপজেলা আনন্দবাসের ইছারদ্দিন (৫৫)।

মেডিকেল ভর্তি পরীক্ষার কেন্দ্রের বাইরে ‘জনস্রোত’

কোভিড-১৯ মহামারির সংক্রমণ বৃদ্ধির মধ্যেই অনুষ্ঠিত হল মেডিকেল কলেজের (এমবিবিএস) ভর্তি পরীক্ষা। করোনা পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা নেওয়ার কথা থাকলেও সেটি মানা হয়নি। পরীক্ষার্থীরা মাস্ক পড়ে পরীক্ষায় অংশ নিলেও কেন্দ্রের বাইরে ছিল রীতিমতো ‘জনস্রোত’। পরীক্ষার্থী ও তাদের স্বজনদের ভিড়ে সামাজিক দূরত্ব মানা হয়নি।

মেডিকেল ভর্তি পরীক্ষা শুরুর আগে ও পরে পরীক্ষাকেন্দ্রগুলোর বাইরে দেখা গেছে এমন দৃশ্য।
রাজধানীসহ দেশের ১৯টি পরীক্ষাকেন্দ্রের ৫৫টি ভেন্যুতে অনুষ্ঠিত হয়েছে সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের ২০২০-২১ শিক্ষাবর্ষের

এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা।

শুক্রবার বেলা ১০টায় পরীক্ষা শুরু হয়ে শেষ হয় বেলা ১১টায়।

সারা দেশে ১ লাখ ২২ হাজার ৭৬১ জন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেওয়ার আবেদন করেছিলেন। ঢাকা মহানগরের ১৫টি কেন্দ্রে পরীক্ষার্থী ছিলেন ৪৭ হাজার।

এদিন রাজধানীর কয়েকটি পরীক্ষা কেন্দ্রে খোঁজ নিয়ে জানা গেছে, পরীক্ষা শুরুর ঘণ্টাদুয়েক আগেই কেন্দ্রগুলোর সামনে পরীক্ষার্থী এবং অভিভাবকদের ভিড় জমতে থাকে।

এ সময় তাদের মধ্যে ছিল না সামাজিক দূরত্বের বালাই। কেন্দ্রের ফটক দিয়ে শিক্ষার্থীদের ভিড় ঠেলে ধাক্কাধাক্কি করে কেন্দ্রে প্রবেশ করতে হয়। কেন্দ্রে ঢোকার সময় সাবান দিয়ে হাত ধোয়ার অথবা স্যানিটাইজ করার ব্যবস্থা রাখা হলে তা কোনো কাজে আসেনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মধুর ক্যানটিন-সংলগ্ন প্রধান গেটটি বন্ধ রেখে শুধু পকেট গেট খোলা রাখা হয়। পরীক্ষা শেষে পরীক্ষার্থী ও অভিভাবকদের সরু পকেট গেট দিয়ে ঠেলাঠেলি করে বের হতে দেখা গেছে। কয়েকজন অভিভাবক ক্ষোভ প্রকাশ করে বলেন, কর্তৃপক্ষ স্বাস্থ্যবিধি মেনে চলার কথা বললেও কোনো ব্যবস্থা নেয়নি।
এদিকে করোনা মহামারী উপেক্ষা করে এভাবে পরীক্ষা নেওয়ায় সমালোচনার ঝড় উঠেছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। অনেককেই ফেসবুকে ভিড়ের ছবি পোস্ট করে মহামারির সময়ে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্তের কড়া সমালোচনা করেন।

প্রসঙ্গত, করোনাভাইরাস পরিস্থিতির কারণে ২০২০-২১ শিক্ষাবর্ষের মেডিকেল ভর্তি পরীক্ষা গত বছর অনুষ্ঠিত হয়নি। সংক্রমণ কমলে গত ৮ ফেব্রুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের সময়সূচি জানিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। ২১ মার্চ ভর্তি পরীক্ষা স্থগিত চেয়ে রিট আবেদন করেন রাজধানীর উত্তরার বাসিন্দা তৈমুর খান নামের এক ব্যক্তি। ২৪ মার্চ রিটটি হাইকোর্টে খারিজ করে দেওয়া হয়।

করোনায় আক্রান্ত স্বাস্থ্য সচিব হাসপাতালে

কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সেবা বিভাগের সচিব মো. আব্দুল মান্নান। শুক্রবার তাকে রাজধানীর শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

গত বছরের ৪ জুন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সেবা বিভাগের সচিব হিসেবে দায়িত্ব পান মো. আব্দুল মান্নান।

এর আগে বাংলাদেশে আশ্রয় নেওয়া ১০ লাখ রোহিঙ্গার সার্বিক কার্যক্রম তদারকি ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গঠিত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের ডেপুটি টিম লিডার হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন।

দেশের করোনার রেকর্ড সংক্রমণ, প্রাণহানি ৫০

দেশে গত ২৪ ঘণ্টায় রেকর্ডসংখ্যক মানুষ প্রাণঘাতী করোনায় আক্রান্ত হয়েছেন। স্বাস্থ্য অধিদফতরের শুক্রবারের প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ ছয় হাজার ৮৩০ জনের কোভিড-১৯ রোগে পজিটিভ এসেছে।

এ সময়ে অর্ধশত রোগীর মৃত্যু হয়েছে বলে স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে।

ঝিনাইদহ জামে মসজিদে নামাজিদের মাঝে মাস্ক বিতরণ

ঝিনাইদহ জামে মসজিদে আজ শুক্রবার জুম্মার নামাজ পড়তে আসা নামাজিদের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে। এসময় ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু উপস্থিত থেকে মসজিদে মাস্ক না পড়ে আসা নামাজিদের নিজ হাতে মাস্ক পড়িয়ে দেন। বাংলাদেশে করোনায় আক্রান্তের সংখ্যা মাত্রাতিরিক্ত হওয়ার কারণে বিগত দিনের মত নিজে সাধারণ জনগণকে সচেতন করতে ঝিনাইদহে সচেতনমূলক প্রচার- প্রচারণায় নেমে পরেছেন। মাস্ক বিতরণ শেষে তিনি বলেন,ভিড়ে নয়,নীড়ে থাকুন। নিজে সুস্থ থাকুন,নিজ পরিবারকে সুস্থ রাখুন। নিজে স্বাস্থ্যবিধি মেনে চলুন এবং অন্যকে স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করুণ।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলায় ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়েছেন। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার সময় চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪ ধারায় ৫ টি মামলায় ১৪ জন কে সর্বমোট ৩,৭৫০/- টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও সার্বিকভাবে সহযোগিতা করেন পেশকার

সোবহান আলী, ও অফিস সহায়ক মোঃ আরমান আলী এবং সরোজগঞ্জ ফাঁড়ি পুলিশের চৌকস দল।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মোঃ সাদিকুর রহমান বলেন, সরকারের সকল নিয়ম-নীতি মেনে চলতে হবে, প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করে বাইরে বের হতে হবে জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন তিনি।

করোনার রেকর্ড শনাক্তের দিনে ৫৯ জনের মৃত্যু

কোভিড-১৯ সংক্রমণ বেড়েই চলেছে। রোজ হাজার হাজার মানুষ আক্রান্ত হচ্ছেন।গত ২৪ ঘণ্টায় রেকর্ড সংখ্যক আক্রান্ত হয়েছেন করোনায়। কোভিড-১৯ সংক্রমণ বেড়েই চলেছে। রোজ হাজার হাজার মানুষ আক্রান্ত হচ্ছেন।গত ২৪ ঘণ্টায় রেকর্ড সংখ্যক শনাক্ত হয়েছেন করোনায়। এ পর্যন্ত মারা গেছেন ৯ হাজার ১০৫ জন।

এসএসসি পরীক্ষার কেন্দ্র তালিকা প্রকাশ

২০২১ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্রের তালিকা প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড।

সোমবার বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম আমিরুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ওয়েবসাইটে কেন্দ্র তালিকা প্রকাশ করা হয়েছে। কেন্দ্র

সংক্রান্ত কোনো আবেদন থাকলে আগামীকাল (বুধবার) এর মধ্যে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে লিখিতভাবে জমা দিতে বলা হলো।

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার আগে নির্বাচনী পরীক্ষা হবে না বলে ঘোষণা দেওয়া হয়েছে। আর ফরম পূরণ শুরু হবে আগামী ১ এপ্রিল থেকে। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেওয়া এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ ঘোষণা দেওয়া হয়।

অভিনেত্রী আফসানা মিমি করোনায় আক্রান্ত হয়ে হাসপাতালে

নাটকের জনপ্রিয় মুখ ও গুণী অভিনেত্রী আফসানা মিমি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তিনি হাসপাতালে ভর্তি হয়েছেন।

গত সপ্তাহে কোভিড টেস্টে ফল পজিটিভ আসে। এর পর তিনি ঘরেই ছিলেন। ঠাণ্ড-কাশি কমছিল না। এমতাবস্থায় আজ এই অভিনেত্রীকে ভর্তি করা হয় রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে।

আফসানার মিমির সহকর্মী নজরুল সৈয়দ বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, গেল সপ্তাহে করোনা ধরা পড়ার পর নিজ বাসাতেই আইসোলেশনে ছিলেন মিমি। ঠাণ্ডা-কাশি না কমায় তিনি হাসপাতালে ভর্তি হয়েছেন।

করোনা আক্রান্ত মাহমুদুর

রহমান মান্না

কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না।

বৃহস্পতিবার তার করোনা পরীক্ষার ফল পজিটিভ আসে। মান্না নিজেই এ তথ্য গণমাধ্যমকে জানিয়েছেন।
তিনি বলেন, বুধবার করোনা টেস্ট করিয়েছি। আজ সকালে রেজাল্ট পজিটিভ আসে। শরীর ভালো আছে, বাসায় থেকে চিকিৎসা নিচ্ছি। দেশবাসীর কাছে দোয়া চাই।

গত বছরের ৮ মার্চ দেশে প্রথম তিনজনের দেহে করোনা শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ দেশে ভাইরাসটিতে প্রথম একজনের মৃত্যু হয়।

সম্প্রতি করোনা সংক্রমণ বেড়ে গেছে। বুধবার ৫২ জনের মৃত্যু হয়েছে।